

প্রথম ভাগ

তারিখ 23 MAR 2009
পৃষ্ঠা ৬

সিলেটে শিক্ষামন্ত্রী

২০১১ সালের মধ্যেই করে পড়া
শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করা হবে

নিজস্ব প্রতিবেদক, সিলেট •

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম বলেছেন, বর্তমান সরকার শিক্ষার উন্নয়নে গতিশীলতা আনার চেষ্টা করছে। ২০১১ সালের মধ্যেই করে পড়া শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার ব্যবস্থা করা হবে। গতকাল রোববার দুপুরে সিলেটের আলমপুরে সিলেট শিক্ষা বোর্ডের প্রশাসনিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আশার কথা শোনান।

ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এস এম খালেক। এতে বিশেষ অতিথি সাংসদ মাহমুদ-উস-সামাদ চৌধুরী, সাংসদ শফিকুর রহমান চৌধুরী, বিভাগীয় কমিশনার জাফর আহমদ খান, জেলা প্রশাসক মাজ্জাদুল হাসান, সিলেট সদর উপজেলা চেয়ারম্যান আশফাক আহমদ, জেলা আওয়ামী লীগের সভাপতি আন ম শফিকুল হক,

গোলাপগঞ্জ পৌরসভার মেয়র জাকারিয়া আহমদ পাপল বক্তৃতা দেন। বাংলাদেশ টিচার্স টেনিং কলেজের সহকারী অধ্যাপক, গুয়ামীমা চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সিলেট শিক্ষা বোর্ডের সূচিব মো. সেলিম খান। এর আগে মন্ত্রী নুরুল ইসলাম প্রশাসনিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করে মোনাজাত করেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা শিক্ষাক্ষেত্রে দেশের পিছিয়ে পড়া অঙ্কল চিন্তিত করছি। এর মধ্যে সিলেটও রয়েছে। শিক্ষার ক্ষেত্রে এগিয়ে যেতে এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে অচিরেই সিলেটে একটি বড় আকারের সেমিনারের আয়োজন করা হবে।

বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে বিভিন্ন সমস্যা প্রসঙ্গে নুরুল ইসলাম বলেন, মাধ্যমিক শিক্ষাব্যবস্থা অবহেলিত। এ কারণে নিম্ন ও উচ্চমাধ্যমিক শিক্ষাব্যবস্থায় নানা সমস্যার সৃষ্টি হয়। বিদ্যালয়গুলোতে পাঠাগার তৈরির পাশাপাশি শিক্ষকদের বেতন-ভাতা বাড়তে হবে এবং তাদের বাড়তি সহযোগিতা ও মর্যাদা দেওয়া হবে।

ভিত্তিপ্রস্তর স্থাপনের আনুষ্ঠানিকতা শেষে শিক্ষামন্ত্রী বিকেলে সিলেট সার্কিট হাউসে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সিলেট জেলা ও মহানগর শাখার সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন।